

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৬২৬.৩৫.০৪৮.২৪ নথির বিষয়: Construction of water line with ancillary works at IRP-2 compound, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Construction of water line with ancillary works at IRP-2 compound, Dhaka WASA প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১/৯/২৪ ৬:১৩ অপরাহ্ন

সাভার-কেরানীগঞ্জ ওয়েল ফিল্ড প্ল্যান্ট ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। উক্ত স্থাপনের আওতায় আইআর পি-১ এবং আইআর পি-২ এর মাধ্যমে দৈনিক প্রায় ১৫ কোটি লিটার পানি বৃহত্তর মিরপুর এলাকায় সরবরাহ করা হয়। আইআর পি-১ এর আয়তন প্রায় ৯ একর এবং আইআর পি-২ এর আয়তন প্রায় ৬ একর। আইআর পি-২ প্ল্যান্ট এর অভ্যন্তরে পানি সরবরাহের কোন ব্যবস্থা নাই ফলে প্রয়োজনীয় পানি অন্য স্থান হতে বহন করে সরবরাহ করতে হচ্ছে। প্ল্যান্টের বিভিন্ন স্থানে প্রয়োজনীয় পানির জন্য পানি সরবরাহের লাইন স্থাপন করা প্রয়োজন। এছাড়া উক্ত প্ল্যান্টের সৈন্দর্য্য বর্ধন করার জন্য প্ল্যান্টের অভ্যন্তরে দৃষ্টি নন্দন বাগান এবং দেশী বিদেশী গাছ রয়েছে। বিদ্যমান বাগান সমূহ পরিচর্যা এবং পানি দেওয়ার জন্য প্রতিদিন অসংখ্য শ্রমিক কাজ করে। ফলে একদিকে শ্রমিকদের কর্মঘণ্টা নষ্ট হচ্ছে অপরদিকে অতিরিক্তি পানির অপচয় হচ্ছে। শ্রমিকদের কর্মঘণ্টা এবং অতিরিক্তি পানির অপচয় রোধ করার জন্য বাগান সমূহে পানির লাইন স্থাপন করে স্পিংলার স্থাপন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১/৯/২৪ ৬:১৯ অপরাহ্ন

আইআর পি-২ এর কম্পাউন্ডের পশ্চিম, উত্তর এবং পূর্ব পার্শ্বে পানির লাইন স্থাপন কাজের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রনীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৯,৯৮,২৬৮.৫১১/- (নয় লক্ষ আটানব্বই হাজার দুইশত আটষটি দশমিক পাঁচ এক এক) টাকা। প্রাক্কলনটি PWD rate schedule-২০২২ এবং বর্তমান বাজার দর অনুসরণ করে প্রস্তুত করা হয়েছে। কাজটি অত্র বিভাগের ২০২৪-২৫ইং অর্থ-বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৫(W11) এ অন্তর্ভুক্ত আছে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। অনুমোদিত ক্রয়-পরিকল্পনা।
- ২। দর বিশ্লেষণ।
- ৩। প্রাক্কলনের হিসাব।
- ৪। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১/৯/২৪ ৬:১৯ অপরাহ্ন



এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ ও ১.১ এর বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে Construction of water line with ancillary works at IRP-2 compound, Dhaka WASA শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় e-Government Procurement (e-GP) এর মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) দরপত্র আহবানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত ৯,৯৮,২৬৮.৫১১/- (নয় লক্ষ আটানব্বই হাজার দুইশত আটষটি দশমিক পাঁচ এক এক) প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট এর ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার পানির লাইন স্থাপন/পুনঃস্থাপন খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, প্রাক্কলনটির অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

		
১/৯/২৪ ৬:২১ অপরাহ্ন মো: সুমন আহমেদ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	১/৯/২৪ ৬:৫৩ অপরাহ্ন মোঃ জাফর ইকবাল চৌধুরী সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	১/৯/২৪ ৬:৫৩ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট


অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২/৯/২৪ ১০:৪৯ পূর্বাহ্ন

উপরোক্ত বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

	
২/৯/২৪ ১০:৪৯ পূর্বাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	২/৯/২৪ ১০:৪৯ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ২/৯/২৪ ৫:৩০ অপরাহ্ন

Approved.

	
২/৯/২৪ ৫:৩১ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	২/৯/২৪ ৫:৩১ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

অনুচ্ছেদ ১.৫ - তারিখ: ৭/৯/২৪ ৪:৪৩ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।

	
৭/৯/২৪ ৪:৪৬ অপরাহ্ন মাসুদুল আলম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট	৭/৯/২৪ ৪:৪৬ অপরাহ্ন মো: সুমন আহমেদ উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট